নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
বেগমগঞ্জ, নোয়াখালী
মানব সম্পদ বিভাগ
gm.noa.pbs@gmail.com

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.১৯.৬৪৫

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০৪.২৪.১২৪২, তারিখঃ ০৬/০৬/২০২৪ খ্রিঃ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক প্রশাসনিক অনুমোদন পাওয়ায় নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-০৮ ও ৩০০-৫১ এবং নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে শূন্য পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
ক্যাশিয়ার	পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	**(ক)** এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ৩.০০ অথবা সমমান থাকতে হবে। অর্থাৎ **এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হতে হবে** এবং সহকারী ক্যাশিয়ার (নিয়মিত) পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **(খ)** প্রার্থীকে গণিতে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং অফিসের যন্ত্রপাতি সমূহ পরিচালনার অভিজ্ঞতা আবশ্যক। **(গ)** প্রতি মিনিটে কমপক্ষে ৩০ (ত্রিশ) টি ইংরেজী ও ১০ (দশ) টি বাংলা শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। **(ঘ)** প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ৩০,০০০/= (ত্রিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হবে। সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরৎ প্রদান করা হবে। **(ঙ)** প্রার্থীকে বিনয়ের সাথে প্রফুল্ল চিত্তে গ্রাহক সেবা দিতে সক্ষম হতে হবে। **(চ)** সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে এবং বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হতে হবে। **(ছ)** সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে। **(জ)** সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে। **(ঝ)** নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীগনকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করনের তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ **আগামী ০৬/০৭/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার** সময় প্রার্থীগনকে স্ব-শরীরে নোয়াখালী পবিস-এর সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী-তে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র /দলিলাদি এজিএম (এইচআর/

প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

০২। <u>আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ</u>

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) বিগত ০৩(তিন) বৎসরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।

(গ) শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) জাতীয় পরিচয় পত্র/ ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

(ছ) প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক বর্তমানে বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা বিভাগীয় কার্যধারার অধীন তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(জ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষনে উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি।

(ঝ) সকল কাগজ পত্র সহকারী জেনারেল ম্যানেজার(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। <u>পদোন্নতির জন্য স্বাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নোক্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে নাঃ-</u>

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১(এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।

(জ) ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

<u>শর্তাবলী</u>ঃ

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী (গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) একই সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না বা আবেদন করতে পারবেন না।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ''চলতি দায়িত্ব'' পদে নিয়োগ করা হবে। ''চলতি দায়িত্ব'' থাকাকালীন ০১ (এক) বৎসরের কর্মমূল্যায়ন কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে এবং বাপবিবোর্ডের প্রয়োজনীয় প্রশিক্ষনে উত্তীর্ণ হলে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/ পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী সর্বশেষ পবিস এর বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি নির্ধারন করা হবে।

০৫। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

Zahir

১০-০৬-২০২৪
মোঃ জাকির হোসেন
সিনিয়র জেনারেল ম্যানেজার

নম্বর: তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৪। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী;
৬। পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী;
৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪;
৮। ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/আমিনবাজার/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর জোনাল অফিস, কারিগরী- সদর দপ্তর, নপবিস।;
৯। এজিএম (ওএন্ডএম), নয়নপুর সাব জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি;
১০। সকল বিভাগীয় প্রধান, নপবিস।;
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি;
১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এবং
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।

Zahir

১০-০৬-২০২৪
মোঃ জাকির হোসেন
সিনিয়র জেনারেল ম্যানেজার